সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০১৮

বিষয়- বাংলা ১ম পত্র (আবশ্যিক) **বিষয় কোড: ১০১**

(বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট **পূর্ণমান: ৩০**

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান - ১।]

১। 'বঙ্গবাণী' কবিতাটির উৎস –
(ক) অশ্রুমালা (খ) কারবালা
(গ) নূরনামা (ঘ) লালমতি

২। 'দেখিস আমাদের ভুলিস নে' - প্রতাপের এ বাক্যে মিশ্রিত-
i. মিনতি
ii. অনুরাগ
iii. কৌতুক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩। ঝর্ণার গান কবিতায় 'চন্দ্রমা' হলো-
(ক) মুগ্ধ চোখ (খ) তরল শ্লোক
(গ) চকোর পাখি (ঘ) চাঁদের কিরণ

৪। কার শিথিল অঙ্গ মাটিতে লুটাইল?
(ক) হযরত আবুবকর (খ) হযরত আয়েশা
(গ) হযরত ওমর (ঘ) বিবি খাদিজা

৫। হাতের মুঠোয় মৃত্যু নিয়ে ভাষণ শুনতে এসেছিল-
(ক) করুণ কেরানি (খ) লোহার শ্রমিক
(গ) উলঙ্গ কৃষক (ঘ) ব্যাকুল শ্রোতা

৬। বাঙালি সম্পর্কে মিথ্যাচার কোনটি?
(ক) ইস্পাত দৃঢ়তা (খ) ভীতু ও ভেতো
(গ) কাব্যময় স্নিগ্ধতা (ঘ) শৌর্যের মহিমা

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :

মনে পড়ে যায় আজ সেই ছোটবেলা,
দুজনায় এখানেতে করেছিল খেলা।
বড় হয়ে কেন আজ যাই দূরে সরে,
আজ তা বারে বার শুধু আঁখি ঝরে।

৭। উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন রচনার সাদৃশ্য রয়েছে?
(ক) নিয়তি (খ) একাত্তরের দিনগুলি
(গ) সুভা (ঘ) আম-আঁটির ভেঁপু

৮। উদ্দীপক ও তোমার পঠিত রচনার মধ্যে যে ভাবগত ঐক্য তা হলো-
i. জীবনবোধ
ii. স্মৃতিকাতরতা
iii. অনুভূতি প্রবণতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৯। জাতির পুরোনো ইতিহাসের অনেক গোপন কথা খুঁজে পাওয়া যায়-
(ক) প্রবাদ ও প্রবচনে (খ) ডাক ও খনার বচনে
(গ) ধাঁ ধাঁ ও ছড়ার মধ্যে (ঘ) পল্লিগান ও উপকথায়

১০। 'মানুষ মানুষের জন্য জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না ও বন্ধু...'
উদ্ধৃতাংশের ভাবার্থের সাথে অমিল আছে -
(ক) অভাগীর (খ) প্রতাপের
(গ) অধর রায়ের (ঘ) হরিহর রায়ের

১১। 'একটা কিছু তোমাদের আমি দেবই' – এ উক্তিতে ফুটে উঠেছে বুধার-
i) প্রতিশোধের স্পৃহা
ii) স্বদেশ চেতনা
iii) বিদ্রোহীভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১২। 'এ কৃতজ্ঞতার তেজ নেশার মতো'- এ উক্তি দ্বারা বহিপীর কোনটিকে নির্দেশ করেছেন?
(ক) স্নেহ-মমতা (খ) টাকা ধার দেওয়া
(গ) রূহানী শক্তি (ঘ) কবুল বলা

১৩। 'স্বাধীনতা এ শব্দটি কিভাবে আমাদের হলো'- কবিতায় কোন চরণে বাঙালির আবেগিক চেতনার প্রকাশ ঘটেছে?
(ক) কপালে কব্জিতে লালসালু বেঁধে
(খ) জনসমুদ্রে জাগিল জোয়ার
(গ) হৃদয়ে লাগিল দোলা
(ঘ) তরীতে উঠিল জল

১৪। অশ্রুজলে কার পাকা দাড়ি ভেসেছিল?
(ক) গোবুর (খ) হবুর
(গ) পণ্ডিতের (ঘ) চামারের

১৫। 'মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবি'- চরণে ইঙ্গিত করা হয়েছে-
(ক) মোল্লা পুরোহিতের কর্তৃত্ব
(খ) মন্দির মসজিদের তালাবন্ধ
(গ) সাধারণ মানুষের অধিকার খর্ব
(ঘ) মোল্লা পুরোহিতের ধর্মান্ধতা

১৬। বাবুদের বাড়িতে তার মামার বাড়ির সবাই এসে উঠেছে কোথা থেকে?
(ক) জিঞ্জিরা (খ) শান্তিনগর
(গ) এলিফ্যান্ট রোড (ঘ) বর্ডার ঘেষা অঞ্চল

১৭। 'আমাকে সবাই ভুলিলে বাঁচি'- সুভার এ বাক্যে প্রকাশ পেয়েছে-
i) হতাশা ii) বেদনা
iii) প্রত্যাশা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮। বাংলা সাহিত্যের সবচেয়ে প্রাচীন শাখা হলো-
(ক) ছোটগল্প (খ) উপন্যাস
(গ) কবিতা (ঘ) নাটক

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

অতীত দিনের স্মৃতি, কেউ ভোলে না কেউ ভোলে,
কেউ দু:খ লয়ে কাঁদে
কেউ ভুলিতে গায় গীতি...

১৯। অনুচ্ছেদে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন বিশেষ দিকটি প্রকাশ পেয়েছে?
(ক) অতীতের কল্পনা
(খ) কষ্টের দিনগুলো
(গ) সুখের স্মৃতিচারণ
(ঘ) বিরহের কাতরতা

২০। উক্ত বিশেষ দিকটি নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে?
(ক) দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি-স্তনে
(খ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে
(গ) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে
(ঘ) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

২১। 'জীবন-সঙ্গীত' কবিতায় কবির জীবন সম্পর্কিত উপদেশ হলো-
i. চেষ্টা করতে হবে
ii. বৈরাগ্য সাধন করতে হবে
iii. যোদ্ধার ন্যায় বাঁচতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২২। বুধা দুঃখকে কিসের সাথে তুলনা করতো ?
(ক) পাথর (খ) বোলতা
(গ) হিংস্র বাঘ (ঘ) হিংস্র শকুন

২৩। অভাগী সন্তানের হাতের আগুনকে তুলনা করেছে কিসের সঙ্গে?
(ক) হরির (খ) রথের
(গ) স্বর্গের (ঘ) সৌভাগ্যের

২৪। 'এতক্ষণে ঝড় থামিল' – উক্তিটি কার?
(ক) খোদেজা (খ) হাতেম আলী
(গ) বহিপীর (ঘ) হাশেম আলী

২৫। প্রমথ চৌধুরী 'কঠিন প্রাণের লোক' বলতে বুঝিয়েছেন-
(ক) সাহিত্যিকদের (খ) সুশিক্ষিতদের
(গ) প্রগতিশীলদের (ঘ) স্বশিক্ষিতদের

২৬। সহজিয়াপন্থী বৌদ্ধ কবিদের সৃষ্ট চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার কোন পরিচয় প্রকাশ পেয়েছে?
(ক) আবহমান গ্রামীণরূপ (খ) অসাম্প্রদায়িক জীবনবোধ
(গ) বিদ্রোহী চেতনা (ঘ) সাংস্কৃতিক ঐতিহ্য

২৭। বহিপীরের বৃদ্ধ বয়সে বিয়ে করার কারণ-
(ক) বংশ রক্ষা (খ) পূণ্য সঞ্চয় করা
(গ) খেদমত পাওয়ার ইচ্ছা (ঘ) ধর্ম পালনে মন দেয়া

২৮। 'ওরা সংখ্যায় বেশি হবে না' – বুধার এ উক্তি দ্বারা কাদের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
(ক) প্রেত (খ) ভূত
(গ) মিলিটারি (ঘ) রাজাকার

২৯। 'ঘটনা এত দ্রুত ঘটল যে আমরা কয়েক মুহূর্ত বুঝতেই পারলাম না কী হচ্ছে?'- এ উক্তিতে কোন ঘটনার কথা বোঝানো হয়েছে?
(ক) সাপটি কুকুরটিকে কামড়ানো
(খ) কুকুরটি সাপকে কামড়ানো
(গ) সাপটি ছোট ভাইকে ছোবল মারা
(ঘ) বাবা কুকুরটিকে গুলি করা

৩০। 'ওকে জিজ্ঞেস করো না'- দুর্গা তার মাকে যেভাবে বলেছিল-
(ক) শান্তমুখে (খ) নতমুখে
(গ) বিপন্নমুখে (ঘ) নিরীহমুখে

সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০১৮

বিষয়- বাংলা প্রথম পত্র (আবশ্যিক) **বিষয় কোড: ১০১**

(সৃজনশীল)

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান: ৭০**

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। 'ক' বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুইটি, 'খ' বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুইটি, 'গ' বিভাগ উপন্যাস হতে কমপক্ষে একটি ও 'ঘ' বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ক বিভাগ (গদ্য) **নম্বর**

১। পাকসেনার হাতে ধরা পড়ে রশিদ ও তার সঙ্গীরা। মুক্তিসেনার খবর জানতে ক্যাম্পে নিয়ে তাদের উপর পাশবিক অত্যাচার চালায় পাকসেনারা। রশিদের বাবা তুরাব আলি এলাকার মুক্তিবাহিনীর কমান্ডার। তুরাব আলির সহযোদ্ধারা বলল যে, আমরা আত্মসমর্পণ করলে আপনার ছেলেকে ছেড়ে দেবে। তুরাব আলি বলেন, যেখানে লক্ষ লক্ষ পিতা-মাতার বুক খালি হচ্ছে সেখানে আমার ছেলের চিন্তা করতে পারি না। বরং যে শকুনেরা দেশের সোনার ছেলেদের হত্যা করছে তাদের বিরুদ্ধে আরো কঠোর আক্রমণের জন্য তৈরি হতে হবে। একথা বলে তুরাব আলি চোখের পানি মুছলেন।

ক) মার্সি পিটিশন কী? ১

খ) 'তাই করা হোক' – লেখিকার একথা বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের তুরাব আলির চেতনার সাথে 'একাত্তরের দিনগুলি' প্রবন্ধের যে মিল পাওয়া যায় তা বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের বিষয়বস্তুতে 'একাত্তরের দিনগুলি' রচনার সামগ্রিক ভাব প্রকাশ পায়নি- উক্তিটির সত্যতা বিচার কর। ৪

২। এটি সম্পূর্ণ আধুনিক সামগ্রী। পাঠক সমাজে সর্বাধিক সমাদৃত, বহুল পঠিত ও জনপ্রিয়। ঘটনা, চরিত্র ও কাহিনী থাকে। এর পাশাপাশি রচনা শৈলি ও লেখকের ব্যক্তিগত জীবন দর্শন অন্য রচনা থেকে এটিকে বৈচিত্র্যময় করেছে। এ ধরনের রচনায় প্রগাঢ়ভাব থাকে না । ছোট ছোট উপকাহিনীর সন্নিবেশে এটি পাঠক প্রিয়তা পেয়েছে বেশি। পাঠক হৃদয়ের ভাব ও আবেগ দিয়ে নিজের জীবনের মিল খুঁজে পায়।

ক) এককথায় মহাকাব্য কী?

খ) 'বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটন' বলতে কি বোঝায়? ২

গ) উদ্দীপকের বৈশিষ্ট্য 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের যে শাখার সাথে সাদৃশ্যপূর্ণ তা নিরুপণ কর। ৩

ঘ) 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের সমৃদ্ধিতে উদ্দীপকের বৈশিষ্ট্যই যথেষ্ট নয়- মূল্যায়ণ কর। ৪

৩। গত ৩১ মে ২০১৮ পশ্চিম বটিয়াঘাটা গ্রামের দলিত (ঋষি) সম্প্রদায়ের শীতল দাস মারা গেলে দলিত সম্প্রদায়ের লোকজন তার লাশ মহাশ্মশানে দাহ করতে চাইলে ক্ষত্রিয় সম্প্রদায়ের লোকজন এসে বাধা দেয়। বিষয়টি জানতে চাইলে ক্ষত্রিয় সম্প্রদায়ের সদস্য স্বপন ফৌজদার বলেন যে, এতকাল কোন নীচু সম্প্রদায়ের মানুষের লাশ মহাশ্মশানে দাহ করা হয়নি। তাদের জন্য আলাদা শ্মশান আছে। এক পর্যায়ে এলাকার মেম্বার ও চেয়ারম্যানের হস্তক্ষেপে মহাশ্মশানেই লাশ দাহ করা হয়।

ক) রোমাঞ্চ কী? ১

খ) 'মড়া-পোড়ানো' বলতে নেই কেন? ২

গ) স্বপন ফৌজদারের বক্তব্য 'অভাগীর স্বর্গ' গল্পের যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "অধর রায় ও ঠাকুর দাশ মুখোপাধ্যায় যদি মেম্বার ও চেয়ারম্যানের মানসিকতা ধারণ করতেন তাহলে অভাগীর স্বর্গযাত্রার আয়োজনে কোন বিঘ্ন ঘটত না"- মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪। লেখাপড়া না শেখার কারণে তামীমের মা-বাবা তার ভবিষ্যৎ নিয়ে হতাশ হয়ে পড়েন। তামীমও নিজেকে নিয়ে কোনোদিন ভাবেনি। অথচ সে 'সূর্য তরুণ' সংঘের সম্পাদক হওয়ায় গ্রামের বিভিন্ন জনকল্যাণমূলক কাজে নিজেকে নিয়োজিত রাখে । বাড়ির কাজে তার মনোযোগ না থাকলেও অপরের কল্যাণে সে সর্বদা নিবেদিত।

ক) কন্যাভারা গ্রস্ত পিতা-মাতা কী? ১

খ) সুভাকে পিতামাতার নীরব হৃদয়ভার বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে তামীমের সাথে 'সুভা' গল্পের যে চরিত্রের সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তা বর্ণনা কর। ৩

ঘ) "উদ্দীপকে 'সুভা' গল্পের মূল ভাবের প্রকাশ ঘটেনি"- মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

খ বিভাগ (কবিতা)

৫। কৃষি কর্মকর্তা জাবের সাহেব তার সহকারী বশির আলির কাছে ফসলের ক্ষেতে টিয়ে পাখি তাড়ানোর উপায় জানতে চাইল। দুদিনের মধ্যে ভালো কোনো উপায় বের করতে না পারলে তার প্রমোশন বন্ধ হবে মর্মে জানান। বশির আলি ভীত হয়ে অফিসের অন্যান্যদের সাথে মতবিনিময় করে পলিথিন দিয়ে ফসলের ক্ষেত আগাগোড়া ঢেকে দেওয়ার অভিনব পদ্ধতি চালু করে ।

ক) ভিস্তি কী? ১

খ) 'মাটির ভয়ে রাজ্য মাটি হবে'- কেন? ২

গ) বশির আলির পদ্ধতিতে 'জুতা আবিষ্কার' কবিতার যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকে বশিরের সমস্যার সমাধান সহজতর হলেও 'জুতা আবিষ্কার' কবিতার সমাধান ছিল দুর্লভ" –মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬। গত ২৪ শে নভেম্বর ২০১৬ প্রথম আলো পত্রিকায় মিশরের এক প্রাচীন নগরীর ছবি প্রকাশিত হয়। নগরটি মিশরের আবিদুসের নীলনদের পাশে অবস্থিত প্রায় সাত হাজার বছরের পুরোনো। নগরীতে রয়েছে বসত বাড়ি, সমাধিস্থল, মৃৎশিল্পসহ বিভিন্ন প্রাচীন নিদর্শন। বিশেষজ্ঞরা সেখানকার পনেরটি সমাধি খতিয়ে দেখে বলেন, "তাদের জীবনমান খুব উন্নত ছিল। সে সময়ে সমাধি নির্মাতা কারিগরদের হাত সুনিপুণ ছিল।"

ক) কৈবর্ত বিদ্রোহ কী? ১

খ) 'আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকের বিষয়বস্তু 'আমার পরিচয়' কবিতার যে বিশেষ দিকের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত দিকের সাদৃশ্য থাকলেও 'আমার পরিচয়' কবিতার বিস্তৃতি আরো ব্যাপক - মূল্যায়ণ কর। ৪

৭। ফিদেল কাস্ত্রো সম্পর্কে ম্যান্ডেলা বলেছিলেন- 'যৌবনের প্রথম দিনগুলোতেই কাস্ত্রো ছিলেন স্বাধীনতাকামী মানুষের অনুপ্রেরণার উৎস'। বিভিন্ন সম্রাজ্যবাদী চাপ সত্বেও স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় কাস্ত্রো এবং কিউবার জনগণের ত্যাগ স্বীকারকে আমরা শ্রদ্ধা জানাই। গ্যাব্রিয়েল গাসিয়া মার্জেজ বলেন- 'তিনি নিজের যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত নিতেন। পরাজয়কে বিজয়ে রুপান্তর না করা পর্যন্ত তিনি এক মিনিটের জন্য ক্ষ্যান্ত ছিলেন না'। কিন্তু ফিদেল কাস্ত্রো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে বলেন 'আমি হিমালয় দেখিনি কিন্তু মুজিবকে দেখেছি'।

ক) বজ্রকণ্ঠ কী? ১

খ) 'গণ সূর্যের মঞ্চ' বলতে কি বোঝানো হয়েছে? ২

গ) ম্যান্ডেলা ও মার্জেজের মন্তব্যের সাথে 'স্বাধীনতা এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতার কবির মধ্যে যে সাদৃশ্য আছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের কাস্ত্রো ও শেখ মুজিবুর রহমান ছিলেন একই আদর্শের"- এই মন্তব্যটি 'স্বাধীনতা এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

গ বিভাগ (উপন্যাস)

৮। সবাই ডাকে ভবাপাগলা বলে। বয়স প্রায় চৌদ্দ হবে। নাম রণজিত। যুদ্ধের সময় ভারতে যাওয়ার পথে তার পরিবারের সবাইকে মেরেছে রাজাকারেরা। রণজিত ঝোপের আড়ালে লুকিয়ে থেকে বেঁচেছে। এখন শিয়ালী বাজারে থাকে। গোপনে অস্ত্র চালানোর প্রশিক্ষণ নেয়। একদিন নৌকায় করে পাক সেনাদের নদী পার হতে দেখে সে তীরে দাড়িয়ে গুলি চালিয়ে নৌকা ডুবিয়ে দেয়। পানিতে ডুবে প্রায় ২০ জন খান সেনা মারা যায়। এরপর এলাকায় কেউ আর তাকে দেখেনি।

ক) 'বানরের আবার চাঁদে যাওয়ার সাধ'-এখানে বানর কে? ১

খ) আলো আধার দুটোই বুধার কাছে সমান মনে হয় কেন? ২

গ) উদ্দীপকে ভবাপাগলার তীরে দাড়িয়ে গুলি চালানোর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে ঘটনার মিল লক্ষ করা যায় তা বর্ণনা কর। ৩

ঘ) 'বুধা ও ভবাপাগলার মধ্যে ভাবগত কিছুটা সাদৃশ্য বিদ্যমান থাকলেও উভয় চরিত্র ভিন্নসূত্রে গাঁথা' – উক্তিটি মূল্যায়ণ কর। ৪

৯। পিতৃহারা লখা মার সাথে ফুটপাতে শানের উপর শুয়ে থাকে। সে সারাদিন টোকাইয়ের কাজ করে। মহান শহিদ দিবসে শত শত মানুষ ফুল নিয়ে শহিদ মিনারে এগিয়ে চলেছে। ভিড়ের মধ্যে টোকাই লখাকে ঠিকই দেখা যাচ্ছে। লখার গা খোলা উদাম, গাঢ় কালো। মিছিলে মিছিলে পা মিলেয়ে সেও চলেছে শহিদ মিনারে ফুল দিতে। কিন্তু লখার গলা দিয়ে তো কথা ফোটেনা –শুধু শব্দ হয়- আঁ আঁ আঁ আঁ। কথা ফুটবে কি করে? লখা যে জন্ম বোবা, সে মনে মনে বলে অ, আ, ক, খ।

ক) মিলিটারির ব্রাশ ফায়ারে কে প্রথম মারা যায়? ১

খ) গ্রামের লোকেরা দুই ভাগে ভাগ হয় কেন? । ২

গ) উদ্দীপকের লখার জীবনযাপনের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যার জীবনের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের লখার মনে মনে অ, আ, ক, খ বলার মাঝেই লুকিয়ে আছে বুধার অন্তরের প্রগাঢ় দেশপ্রেম"- মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

ঘ বিভাগ (নাটক)

১০। এক সময় বাংলায় আট বছরে গৌরিদান প্রথা ছিল। তাও কুলিন কুল রক্ষার্থে পাত্র যদি মৃত্যু পথযাত্রীও হয়, তবুও মাতাপিতা কুল রক্ষার জন্য কন্যাকে সেই পাত্রের সাথে বিবাহ দিত। মনোরমার জীবনেও এরকম একটি ঘটনা ঘটেছিল। পাত্র বিবাহ করতে এসেছে হাপানি নিয়ে। মনোরমা এই দৃশ্য দেখে কনের সাজ রাগ করে ছিড়ে একাকি পালিয়ে যায়।

ক) বহিপীর নাটকে খোদা ভীরু কে? ১

খ) 'হাশেম এ কি করে সম্ভব-তোর কি মাথা খারাপ হলো' ? এ কথাটি কেন বলা হয়েছে? ২

গ) উদ্দীপকে মনোরমার মধ্যে 'বহিপীর' নাটকের যে বিশেষ বৈশিষ্ট্য লক্ষণীয় তা আলোচনা কর। ৩

ঘ) "উদ্দীপকের ইঙ্গিতপূর্ণ দিকটির মিল থাকলেও 'বহিপীর' নাটকের প্রেক্ষাপট সম্পূর্ণ আলাদা"- মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

১১। সুদখোর মহাজন সিদ্দিক আলি পাশের গ্রামের বিধবা মরজিনা বিবিকে কিছু টাকা ধার দেয়। এই সুযোগে সে মরজিনার বাড়িতে বার দুয়েক এসেছে। মরজিনার মেয়ে রাহেলাকে দেখে সিদ্দিক আলি বিয়ের প্রস্তাব দেয়। মরজিনা বুঝতে পেরে সুদসহ দ্রুত টাকা ফেরত দিতে গেলে সিদ্দিক রাহেলাকে বলে আমার সাথে বিয়ে দিলে টাকা ফেরত দেওয়া লাগবে না। বৃদ্ধ সিদ্দিককে মরজিনা না বলে দেয়।

ক) বহিপীরের নৌকা ভুল করে কোন ঘাটে গিয়েছিল? ১

খ) 'আমি এভাবে টাকা নিতে পারব না'-উক্তিটি বুঝিয়ে লেখ । ২

গ) উদ্দীপকের রাহেলার সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটির বর্ণনা দাও। ৩

ঘ) 'উদ্দীপকের সিদ্দিক আলিকে বহিপীরের প্রতিনিধি বলা যায়' উক্তিটি মূল্যায়ণ কর। ৪